

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
একাউন্টস এন্ড রিপোর্ট উইং
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd



নং-সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০/১৫/২৬

তারিখ: ১৪-০৬-২০২০ খ্রিঃ।

অফিস আদেশ


বিষয় : ১৯৭১-১৯৭২ অর্থবছর থেকে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত "সাধারণ আপত্তি" নিষ্পত্তি প্রসঙ্গে

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত গুরুতর আর্থিক অনিয়মসমূহ ছাড়াও বিপুল সংখ্যক সাধারণ ও অগ্রিম আপত্তি দীর্ঘকাল যাবৎ অনিষ্পন্ন রয়েছে। তন্মধ্যে প্রায় ৮০ ভাগই সাধারণ আপত্তি। উক্ত আপত্তিসমূহের নিষ্পত্তিকরণ প্রক্রিয়ায় নির্বাহী কর্তৃপক্ষ এবং অডিট অধিদপ্তর উভয়েরই বিপুল জনবল, সময় ও সম্পদ নিয়োজিত রাখতে হচ্ছে। অনিষ্পন্ন আপত্তি ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য জনবল ও সম্পদ নিয়োজিত রাখার ফলে সময় উপযোগী মানসম্পন্ন পারফরমেন্স ও ফিন্যান্সিয়াল অডিট কার্যক্রম কাঙ্ক্ষিত মাত্রায় উন্নীত করা সম্ভব হচ্ছে না। তাছাড়াও, চলমান প্রথাগত নিষ্পত্তিমূলক কার্যক্রম ব্যয় সাশ্রয়ী ও কার্যকর (cost effective) বিবেচিত হচ্ছে না।

বর্ণিত প্রেক্ষাপটে অডিট অধিদপ্তর ও নির্বাহী কর্তৃপক্ষের জনবল, অর্থ ও সময়ের সর্বোত্তম ব্যবহার, পেনশন অনুমোদনে ভোগান্তি লাঘব, ঝুঁকি ভিত্তিক ও প্রযুক্তি নির্ভর মানসম্পন্ন পারফরমেন্স ও ফিন্যান্সিয়াল অডিট কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ১৯৭১-৭২ অর্থবছর থেকে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত প্রদান করেছেন।

অডিট অধিদপ্তরের মহাপরিচালকগণ সংশ্লিষ্ট মুখ্য হিসাবদানকারী কর্মকর্তা (Principal Accounting Officer) বরাবর সংযুক্ত পত্র (পরিশিষ্ট-১) প্রেরণের মাধ্যমে উক্ত অধিদপ্তরের আওতাধীন ১৯৭১-৭২ থেকে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি করবেন এবং বর্ণিত সাধারণ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে উক্ত পত্র চূড়ান্ত নিষ্পত্তি পত্র হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে প্রতিটি আপত্তির জন্য পৃথক নিষ্পত্তি পত্র জারি করার আবশ্যিকতা নেই। তবে আপত্তি সংশ্লিষ্ট বিষয়ে আদালতে কোনো মামলা থাকলে সেক্ষেত্রে আদালতের সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্ত : ১(এক) পাতা।


(মোঃ মাসুদুল হক)
ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল(এএন্ডআর)
ফোন: ৪৮৩২২০৬৫